বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।
www.bcmcl.org.bd

"বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

**নম্বর:** ২৮.১২.০০০০.০০০.২২১.৩২.০০০২.১৮.১৫৩

তারিখ: ১১ ভাদ্র ১৪৩৩
২৬ আগস্ট ২০২৬

**বিজ্ঞপ্তি**

বিষয়: **বিসিএমসিএল-এর নিয়োগ বিজ্ঞপ্তি নং-বিসিএমসিএল/০২/৩২/৮৪; তারিখ: ১৮ জানুয়ারি ২০০৯ এর বিপরীতে মেডিক্যাল এ্যাসিসটেন্ট, কম্পিউটার অপারেটর ও ড্রাইভার পদে নিয়োগের জন্য সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের ফলাফল।**

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এর নিয়োগ বিজ্ঞপ্তি নং-বিসিএমসিএল/০২/৩২/৮৪; তারিখ: ১৮ জানুয়ারি ২০০৯ এর বিপরীতে রিট পিটিশন নং-১২৮৮/২০১৮ এর রায় অনুযায়ী মেডিক্যাল এ্যাসিসটেন্ট, কম্পিউটার অপারেটর ও ড্রাইভার পদে গৃহীত লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণপূর্বক নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীদেরকে সংশ্লিষ্ট পদের বিপরীতে নিয়োগের জন্য সাময়িকভাবে সুপারিশ করা হলো:

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | রোল নম্বর (মেধাক্রম অনুসারে নয়) |
|---|---|---|---|
| ১ | মেডিক্যাল এ্যাসিসটেন্ট | ২ | ১০০২, ১০০৪ = ২ জন |
| ২ | কম্পিউটার অপারেটর | ৫ | ২০০২, ২০০৩ = ২ জন |
| ৩ | ড্রাইভার | ৪ | ৩০০৪, ৩০০৫, ৩০০৮, ৩০১২ = ৪ জন |

২। সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের প্রাক্ জীবন-বৃত্তান্ত যথাযথ এজেন্সীর মাধ্যমে যাচাই ও স্বাস্থ্য পরীক্ষা গ্রহণ শেষে নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে বিবেচিত হলে তাঁদের অনুকূলে নিয়োগপত্র প্রদান করা হবে।

৩। প্রার্থীদেরকে কোম্পানির রিক্রুটমেন্ট, ট্রেনিং, লিভ এন্ড রিটায়ারমেন্ট শাখা হতে পুলিশ ভেরিফিকেশন ফর্ম সংগ্রহ করে যথাযথভাবে পূরণপূর্বক প্রযোজ্য কাগজপত্রাদিসহ (২ সেট পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফর্ম, প্রবেশপত্রের কপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের কপি ইত্যাদি) আবশ্যিকভাবে আগামী ২০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল বরাবর দাখিল করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট প্রার্থী চাকরিতে যোগদান করতে ইচ্ছুক নন মর্মে গণ্য হবে।

৪। সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে কোন প্রার্থী চাকরির আবেদনপত্রে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান বা প্রয়োজনীয় তথ্য গোপন বা টেম্পারিং বা কোন জাল সার্টিফিকেট জমা বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোন অংশ বা প্রবেশপত্র টেম্পারিং বা প্রতারণার আশ্রয় গ্রহণ করলে বা কোন গুরুতর অসম্পূর্ণতা ধরা পড়লে সংশ্লিষ্ট প্রার্থীর সুপারিশ বাতিল করা হবে। এমনকি প্রার্থীকে চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। বিসিএমসিএল কর্তৃপক্ষ এ ফলাফলের যেকোন সংশোধন/পরিবর্তন/পরিমার্জন/বাতিল এর ক্ষমতা সংরক্ষণ করে।

২৬-০৮-২০২৬
মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ফোন : +৮৮০২৫৮৮৮৭৮৬০৮
ইমেইল : gm_admin@bcmcl.org.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিস
িএমসিএল)।

২। মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-বিজ্ঞপ্তিটি জরুর
ীভিত্তিতে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

৪। ব্যবস্থাপক (আইটি), আইটি ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-বিজ্ঞপ্তিটি জরুর
ীভিত্তিতে পেট্রোবাংলার ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

৫। নোটিশ বোর্ড, বিসিএমসিএল, দিনাজপুর।